অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন নবায়নযোগ্য শক্তিতে দেশের সর্বকালের সর্ববৃহৎ স্টেট বিনিয়োগ নিউ ইয়র্কে অগ্রসর হচ্ছে

মোট 6.4 গিগাওয়াটের তিনটি অফশোর বায়ু এবং 22টি ভূমিভিত্তিক নবায়নযোগ্য শক্তি প্রকল্প 2.6 মিলিয়ন নিউ ইয়র্ক বাসায় বিদ্যুৎ প্রদান করবে এবং নিউ ইয়র্কের 2030 সালের বিদ্যুৎ চাহিদার 12 শতাংশ প্রদান করবে

প্রকল্পসমূহ আনুমানিক 8,300 পরিবার টিকিয়ে রাখার চাকরি তৈরি করবে এবং স্টেটব্যাপী 20 বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক বিকাশ বিনিয়োগ আনবে বলে আশা করা যাচ্ছে, যার মধ্যে রয়েছে সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে নির্মাতার প্রতিশ্রুত বিনিয়োগ

স্টেটের প্রতিশ্রুত 300 মিলিয়ন মার্কিন ডলার দ্বারা দেশের প্রথম অফশোর বায়ু ব্লেড এবং ন্যাসেল প্রস্তুতকারক ফ্যাসিলিটিকে অগ্রসর করবে এবং অতিরিক্ত 668 মিলিয়ন মার্কিন ডলার বেসরকারি অর্থায়ন আকৃষ্ট করবে

2030 সালের মধ্যে স্টেটের বিদ্যুতের 70 শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে পাওয়ার জন্য নিউ ইয়র্কের জলবায়ু আইন লক্ষ্যের অগ্রগতিকে সমর্থন করে

2030 সালে নিউ ইয়র্কের বিদ্যুতের 79 শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে পেতে হবে।

গভর্নর ক্যাথি হোকল আজকে মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসে নবায়নযোগ্য শক্তিক্তে সর্ববৃহৎ স্টেট বিনিয়োগ ঘোষণা করলেন, যা পরিচ্ছন্ন শক্তিতে রূপান্তর অগ্রসর করতে নিউ ইয়র্কের নেতৃত্ব প্রদর্শন করে। শর্তসাপেক্ষে প্রদত্ত এই অর্থের মধ্যে রয়েছে মোট 6.4 গিগাওয়াট পরিচ্ছন্ন শক্তির তিনটি অফশোর বায়ু এবং 22টি ভূমিভিত্তিক নবায়নযোগ্য শক্তি প্রকল্প, যা সম্পূর্ণ হলে 2.6 মিলিয়ন নিউ ইয়র্ক বাসায় বিদ্যুৎ প্রদান এবং নিউ ইয়র্কের 2030 সালের বিদ্যুৎ চাহিদার 12 শতাংশ প্রদান করার জন্য যথেষ্ট হবে। দুইটি মার্কিন অফশোর বায়ু ব্লেড এবং ন্যাসেল প্রস্তুতকারক ফ্যাসিলিটির সাথে মিলিত হয়ে নতুন ঘোষিত প্রকল্পের এই পোর্টফলিওটি আনুমানিক 8,300 পরিবার টিকিয়ে রাখার চাকরি তৈরি করবে এবং স্টেটব্যাপী 20 বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক বিকাশ বিনিয়োগের সূচনা করবে বলে আশা করা যাচ্ছে, যার মধ্যে রয়েছে সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে নির্মাতার প্রতিশ্রুত বিনিয়োগ। আজকের ঘোষণাটি নিঃসরণমুক্ত একটি গ্রিড পাওয়ার পথে 2030 সালের মধ্যে স্টেটের বিদ্যুতের 70 শতাংশ নবায়নযোগ্য উৎস

থেকে পাওয়ার জন্য, এবং 2035 সালের মধ্যে নয় গিগাওয়াট অফশোর বায়ু থেকে পাওয়ার জন্য নিউ ইয়র্কের জলবায়ু আইন লক্ষ্যের অগ্রগতিকে সমর্থন করে, যা জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act, CLCPA) দ্বারা আবশ্যক। এই অর্থ প্রদানের পর, 2030 সালে স্টেটের বিদ্যুৎ চাহিদার 79 শতাংশ সরবরাহ নবায়নযোগ্য শক্তি দ্বারা পূরণ করার জন্য নিউ ইয়র্কের কাছে এখন পর্যাপ্ত সক্রিয়, চুক্তিকৃত, এবং নির্মাণাধীন নবায়নযোগ্য প্রকল্প রয়েছে।

"আমাদের দেশের পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরের জন্য নিউ ইয়র্ক গতি নির্ধারণ করা অব্যাহত রেখেছে," **গভর্নর হোকল বলেন।** "এই ব্যাপকতার একটি বিনিয়োগ জলবায়ু পরিবর্তনের মোকাবেলার থেকেও বড় কিছু, আমরা ভালো বেতনের ইউনিয়ন চাকরি তৈরি করছি, আমাদের বিদ্যুৎ গ্রিডের নির্ভরযোগ্যতা উন্নত করছি, এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য উল্লেখজনক সুবিধা তৈরি করছি। আজকে আমরা নিউ ইয়র্কের জলবায়ু লক্ষ্যকে নাগালের মধ্যে রাখতে পদক্ষেপ গ্রহণ করছি, দেশকে প্রদর্শন করছি যে বৈশ্বিক অর্থনৈতিক সঙ্কটের সময় কীভাবে পুনর্নির্মাণ করতে হয় এবং একই সাথে আগামী বহু প্রজন্মের জন্য সবুজতর এবং আরো সমৃদ্ধশালী ভবিষ্যতের দিকে নিজেদের চালিত করছি।"

মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি সচিব জেনিফার এম. গ্র্যানহোম বলেন, "অভ্যন্তরীণ উৎপাদন এবং উপকূলীয় অর্থনীতিকে পুনর্জীবিত করে এবং একই সাথে আমাদের পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যতকে অগ্রসর করে এমন অফশোর বায়ু শক্তি শিল্পখাত মার্কিন যুক্তরাষ্ট্রে গঠনের জন্য এই ঘোষণাটি যেই উল্লেখজনক ধাপের প্রতিনিধিত্ব করে শক্তি বিভাগ (Department of Energy, DOE) তার প্রশংসা করছে। নিউ ইয়র্ক প্রদর্শন করছে যে রাষ্ট্রপতি বাইডেনের আমেরিকায় বিনিয়োগ এজেন্ডা কর্মরত রয়েছে, এবং প্রকল্পের নিয়োগ, বলিষ্ঠ অভ্যন্তরীণ সরবরাহ চেইন তৈরি এবং সেই সাথে আমাদের স্টেট ও ফেডারেল উভয় অফশোর বায়ু লক্ষ্য বাস্তবায়নে সাহায্য করার জন্য সহযোগিতামূলক কাজ অব্যাহত রাখতে DOE উন্মুখ।"

সেবা শুরু হলে, অর্থপ্রাপ্ত অফশোর বায়ু ও ভূমিভিত্তিক নবায়নযোগ্য শক্তি প্রকল্পগুলি যা করে:

- প্রতি বছর আনুমানিক 19 মিলিয়ন মেগাওয়াট-ঘণ্টা নতুন নবায়নযোগ্য শক্তি প্রদান করবে, যা 2.6 মিলিয়নের বেশি নিউ ইয়র্ক বাসায় বিদ্যুৎ প্রদানের জন্য পর্যাপ্ত।
- বার্ষিক 9.4 মিলিয়ন মেট্রিক টন গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করবে, যা প্রতি বছর রাস্তা থেকে 2 মিলিয়ন গাড়ি অপসারণ করার সমতুল।
- ক্ষতিকর দূষকের সংস্পর্শ হ্রাস করার মাধ্যমে জনস্বাস্থ্য সুবিধা প্রদান করবে, যার মধ্যে থাকবে কম অসুস্থতার ঘটনা এবং অকাল মৃত্যু, অপেক্ষাকৃত কম দিন স্কুল ও কাজ থেকে অনুপস্থিতি, ব্যবসায় কম বিঘ্ন, এবং অপেক্ষাকৃত কম স্বাস্থ্যসেবা ব্যয়।
- সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে জলবায়ু আইনের লক্ষ্যের সাথে মানানসই একাধিক সুবিধা প্রদান করা, যেখানে নির্মাতারা সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে 3.5 বিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদানের প্রতিশ্রুতি দিয়েছে।

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "নবায়নযোগ্য শক্তিতে এই সর্বশেষ ও সর্ববৃহৎ বিনিয়োগের রাউন্ড হলো আরো প্রমাণ যে নিউ ইয়র্ক এমন একটি স্থান যেখানে নবায়নযোগ্য

শক্তি খাত সমৃদ্ধি করতে পারছে, এবং ভবিষ্যতেও করতে থাকবে। বড় আকারের নবায়নযোগ্য শক্তি প্রকল্পের এই কোহর্টটি যথাসময়ে হওয়া এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য সুবিধা সর্বোচ্চ করবে এমন সর্বাধিক ব্যয় প্রতিযোগী এবং অর্থনৈতিকভাবে সম্ভবপর পরিচ্ছন্ন শক্তি প্রকল্পসমূহকে দায়িত্বশীলভাবে অগ্রসর করার প্রতি নিউ ইয়র্কের দীর্ঘদিনের এবং চলমান অগ্রাধিকারের প্রতিফলন।"

আজকের ঘোষণাটি সম্প্রতি গভর্নর হোকলের ঘোষিত নিউ ইয়র্কের 10 পয়েন্ট কর্মপরিকল্পনার (10-point Action Plan) অংশ হিসেবে স্টেটের গৃহীত প্রথম পদক্ষেপ গুলির প্রতিনিধি, যা নবায়নযোগ্য শক্তি খাতকে সাম্প্রতিক ম্যাক্রোঅর্থনৈতিক ও মুদ্রাস্ফীতি সংক্রান্ত সমস্যা মোকাবেলা করার জন্য গভর্নরের প্রশাসনের পরিকল্পনাসমূহের ব্যাপারে অন্তর্দৃষ্টি প্রদান করে। এছাড়াও আজকের ঘোষণা অর্থপ্রাপ্ত পক্ষগুলির সাথে চুক্তির আলোচনা শুরু করলো, এবং চুক্তির সফল নির্বাহের শর্তসাপেক্ষে এই অর্থ প্রদান করা হবে।

এই প্রকল্পসমূহ যাতে নিউ ইয়র্কবাসীর জন্য মানসম্পন্ন, পরিবার টিকিয়ে রাখার চাকরি তৈরি করে তা নিশ্চিত করতে স্টেটের প্রতিশ্রুতি প্রদর্শনকারী এই চুক্তিগুলি সম্পূর্ণ নির্বাহ করা হলে সেখানে নির্দিষ্ট সর্বনিম্ন পরিমানের মার্কিন যুক্তরাষ্ট্রের লোহা ও স্টিল ক্রয়ের এবং নির্মাণকাজে অংশগ্রহণকারী সকল শ্রমিক, কর্মী, এবং মেকানিকের জন্য প্রচলিত বেতনের বিধান প্রদানের প্রতিশ্রুতি থাকবে। পাশাপাশি, অফশোর বায়ু প্রকল্পের নির্মাতাদের জন্য নিজেদের নির্মাণ ঠিকাদার এবং নতুন নবায়ন যোগ্য শক্তি উৎপাদন সংস্থানের নির্মাণকাজের ক্র্যাফট কর্মীদের প্রতিনিধিত্ব করা ভবন ও নির্মাণ বাণিজ্য শ্রম সংগঠনের সাথে প্রকল্প শ্রম চুক্তি (Project Labor Agreements, PLA) নিয়ে আলোচনা করে নেওয়া আবশ্যক হবে।

অফশোর বায়ুতে দেশের সর্বকালের সর্ববৃহৎ স্টেট বিনিয়োগ

মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বাধিক প্রতিযোগিতাপূর্ণ অফশোর বায়ুর প্রস্তাবনার অনুরোধে, NYSERDA মোট 4,032 মেগাওয়াট (megawatts, MW) পরিচ্ছন্ন শক্তির তিনটি নতুন অফশোর বায়ু প্রকল্পকে বাছাই করেছে, যা বার্ষিক 7 মিলিয়ন মেট্রিক টনের বেশি CO2 অপসারণ করবে বলে আশা করা যাচ্ছে যা প্রতি বছর রাস্তা থেকে 1.6 মিলিয়ন গাড়ি অপসারণ করার সমতুল। পাশাপাশি, অর্থপ্রাপ্ত প্রকল্পগুলি 15 বিলিয়ন মার্কিন ডলারের বেশি স্টেটের অভ্যন্তরীণ অর্থব্যয় নিয়ে আসবে এবং লং আইল্যান্ড, নিউ ইয়র্ক সিটি এবং ক্যাপিটাল রিজিয়নে প্রকল্পসমূহের 25 বছরের বেশি দীর্ঘ জীবনকালে 4,200 এর বেশি পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করবে বলে আশা করা যাচ্ছে।

তিনটি অফশোর বায়ু প্রকল্পের মধ্যে রয়েছে:

- টোটালএনার্জিস, রাইজ লাইট অ্যান্ড পাওয়ার এবং কোরিও জেনারেশনের নির্মিত **অ্যাটেনটিভ এনার্জি ওয়ান** (1,404 মেগাওয়াট)। কুইন্সে একটি নভেল জীবাশ্ম ভিন্ন উদ্দেশ্যে ব্যবহারের পরিকল্পনা প্রকল্পটিতে রয়েছে, যার উদ্দেশ্য নিউ ইয়র্ক স্টিয়ারিং কেন্দ্র থেকে জীবাশ্ম জ্বালানি দিয়ে বিদ্যুৎ উৎপাদন শেষ করা এবং বর্তমান কর্মীবাহিনীকে পরিচ্ছন্ন শক্তির চাকরিতে স্থানান্তর করা।
- RWE অফশোর নবায়নযোগ্য ও জাতীয় গ্রিড ভেঞ্চার নির্মিত **কমিউনিটি অফশোর বায়ু** (1,314 মেগাওয়াট)। প্রকল্পটি রয়েছে ডাউনটাউন ব্রুকলিনে কন এডিসনের নির্মাণাধীন নতুন গ্রিড আন্তঃসংযোগ ব্যবহার করা, যা পরিচ্ছন্ন শক্তি হাবের জন্য

জনসেবা কমিশনের (Public Service Commission) [ব্যয় পুনরুদ্ধারের অনুমোদন প্রদানকারী আদেশ (Order Approving Cost Recovery for Clean Energy Hub)] দ্বারা সম্ভব হয়েছে যাতে নিউ ইয়র্ক সিটিতে পরিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহ সর্বোচ্চ করা যায়।
- ভাইনইয়ার্ড অফশোর (কোপেনহ্যাগেন ইনফ্রাস্ট্রাকচার পার্টনার্স) নির্মিত **এক্সেলসিয়র উইন্ড** (1,314 মেগাওয়াট)। প্রকল্পটিতে রয়েছে প্রস্তাবিত কেবল রুট বিকল্প যা লং আইল্যান্ডে বলিষ্ঠ শক্তি সরবরাহের ব্যবস্থা প্রদান করবে, যা লং আইল্যান্ড জননীতি ট্রান্সমিশন চাহিদার ফলাফলের মাধ্যমে বৈদ্যুতিক গ্রিডের সম্প্রসারণকে ব্যবহার করবে।

একত্রে এই প্রকল্পগুলি নিউ ইয়র্কের অর্থনীতি, কর্মীবাহিনী, এবং পরিবেশে অসাধারণ লাভ নিয়ে আসবে, যার মধ্যে আছে:
- বন্যপ্রাণী ও মৎস্য সংক্রান্ত গবেষণা, প্রশমন, ও উন্নয়নের জন্য 85 মিলিয়ন মার্কিন ডলার সমর্থন।
- সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা এন্টারপ্রাইজ (Minority and Women Owned Business Enterprises, MWBEs) এবং দায়িত্বরত অবস্থায় অক্ষম হওয়া ভেটেরান মালিকানাধীন ব্যবসার (Service-Disabled Veteran Owned Businesses, SDVOBs) জন্য প্রায় 300 মিলিয়ন মার্কিন ডলার প্রতিশ্রুতি।
- অফশোর বায়ু প্রকল্প গঠন ও সেবার জন্য নিউ ইয়র্কের কর্মীবাহিনীকে প্রশিক্ষণ দিতে 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদানের প্রতিশ্রুতি।
- ক্ষতিকর দূষকের সংস্পর্শ হ্রাস করার মাধ্যমে কয়েক বিলিয়ন মার্কিন ডলারের জনস্বাস্থ্য লাভ, যার মধ্যে রয়েছে কম অসুস্থতার ঘটনা এবং অকাল মৃত্যু, অপেক্ষাকৃত কম দিন স্কুল ও কাজ থেকে অনুপস্থিতি, ব্যবসায় কম বিঘ্ন, এবং অপেক্ষাকৃত কম স্বাস্থ্যসেবা ব্যয়।

প্রকল্পগুলি নমনীয় ও উদ্ভাবনী ট্রান্সমিশন নকশার একটি সংমিশ্রণ ব্যবহার করবে, যার মধ্যে রয়েছে হাই ভোল্টেজ ডিরেক্ট কারেন্টের (high voltage direct current, HVDC) মাধ্যমে অফশোর বায়ু প্রকল্প থেকে নিউ ইয়র্ক সিটিতে শক্তি ট্রান্সমিট করার ক্ষেত্রে হ্রাসকৃত পদচিহ্ন এবং অভিযোজনযোগ্য "মেশড-রেডি" অফশোর বৈদ্যুতিক সাবস্টেশন। এই তিনটি অফশোর বায়ু প্রকল্প 2030 সালে বাণিজ্যিক কর্মকাণ্ড শুরু করব বলে আশা করা যাচ্ছে। প্রকল্পসমূহের জীবনকালে গ্রাহকদের জন্য গড় বিল প্রভাব হবে আনুমানিক 2.73 শতাংশ, বা প্রতি মাসে 2.93 মার্কিন ডলার। অর্থপ্রাপ্ত অফশোর বায়ু প্রকল্পসমূহের চুক্তির জীবনকালে গড় পূর্ণাঙ্গ নির্মাণ ব্যয় হবে প্রতি মেগাওয়াট-ঘণ্টার জন্য 96.72 মার্কিন ডলার।

অ্যাটেনটিভ এনার্জির (Attentive Energy) ব্যবস্থাপনা পরিচালক ড্যামিয়েন বেডনার্জ বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক স্টেট অফশোর বায়ু শিল্পখাতে নজিরবিহীন বিনিয়োগ করছে। অ্যাটেনটিভ এনার্জি ওয়ান প্রকল্পের স্পন্সরগণ একটি সম্প্রদায়চালিত প্রকল্প প্রদান করার ঐতিহাসিক এই সুযোগ পেয়ে আনন্দিত এবং কৃতজ্ঞ, প্রকল্পটি পুরো স্টেটে কয়েক বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক কর্মকাণ্ড সূচনা করবে এবং সম্প্রদায়সমূহে কয়েকশত মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। চলুন এমন একটি প্রকল্প বাস্তব করতে কাজ করা যাক যা নিয়ে নিউ ইয়র্কবাসী গর্ব করতে পারবে।"

কমিউনিটি অফশোর উইন্ডের (Community Offshore Wind) প্রেসিডেন্ট ও প্রকল্পের পরিচালক ডাগ পার্কিন্স বলেন, "নিউ ইয়র্কের অফশোর বায়ু পরিকল্পনাকে বাস্তবায়ন করার

জন্য NYSERDA যে কমিউনিটি অফশোর উইন্ডকে একটি মুখ্য অংশীদার হিসেবে নির্বাচিত করেছে তার জন্য আমরা সম্মানিত হয়েছি এবং স্টেটের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অগ্রসর করতে আজকের গতিলাভের জন্য আমরা গভর্নর হোকলকে অভিনন্দন জানাচ্ছি। আমাদের দৃঢ় স্থানীয় শেকড় আমাদেরকে এমন কর্মসূচির নকশা করতে দিয়েছে যা পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরের সময় সুযোগের সমান অ্যাক্সেস নিশ্চিত করবে, এবং নতুন, ভালো বেতনের চাকরি তৈরি থেকে শুরু করে স্থানীয় সরবরাহ চেইন ও আগামী কয়েক প্রজন্মের জন্য অর্থনৈতিক লাভ তৈরি পর্যন্ত নিউ ইয়র্কের সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে অবিলম্বে উপকৃত করার জন্য আমরা উন্মুখ।"

ভাইনইয়ার্ড অফশোরের (Vineyard Offshore) প্রধান নির্বাহী কর্মকর্তা লার্স টি. পেডেরসান বলেন, "হোকল প্রশাসন যে আমাদের এক্সেলসিয়র উইন্ড প্রকল্পকে নির্বাচিত করেছে তার জন্য আমরা সম্মানিত হয়েছি এবং আমাদের শিল্পখাতে তার অব্যাহত প্রতিশ্রুতির জন্য গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি। এক্সেলসিয়র উইন্ড পরিচ্ছন্ন ও সাশ্রয়ী শক্তি প্রদান করবে, অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং পরিবেশ ও জনস্বাস্থ্যের উন্নয়ন উভয় সম্ভব করবে। প্রকল্প বাস্তব করার আমাদের প্রমাণিত সক্ষমতার প্রতি আস্থা রাখার জন্য আমরা NYSERDA এর প্রতি কৃতজ্ঞ এবং স্টেট ও স্থানীয় সরকারি এজেন্সি, ট্রাইবাল নেশন্স, স্থানীয় সম্প্রদায়, জেলে, এবং এম্পায়ার স্টেটের অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে কাজ অব্যাহত রাখতে আমরা উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেটকে মার্কিন যুক্তরাষ্ট্রের অফশোর বায়ু সরবরাহ চেইনের একটি কেন্দ্র করে তুলতে গভর্নর হোকলের প্রতিশ্রুতি পূরণকারী এই সংগ্রহে থাকবে অফশোর বায়ু টার্বাইন উৎপাদনে অব্যাহত সমর্থন, যা নিউ ইয়র্কের প্রতি 1 মার্কিন ডলার সরকারি তহবিলের জন্য 2 মার্কিন ডলার বেসরকারি প্রতিশ্রুতির মূলধন কাজে লাগিয়ে থাকে।

এছাড়াও দুইটি সরবরাহ চেইন ফ্যাসিলিটির নির্মাণ সম্ভব করতে NYSERDA 300 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ প্রদান করছে, যা হলো GE ভারনোভার ন্যাসেল প্রস্তুতকরণ ও অ্যাসেম্বলি, এবং সেই সাথে LM উইন্ড পাওয়ার ব্লেডের নির্মিত ব্লেড প্রস্তুতকরণ, উভয়ের পরিকল্পনা নিউ ইয়র্কের ক্যাপিটাল রিজিয়নের জন্য করা হয়েছে।

2035 সালের মধ্যে অফশোর বায়ুর মোট আঞ্চলিক চাহিদার প্রায় এক তৃতীয়াংশ সরবরাহ করার ক্ষমতা এই বিনিয়োগের রয়েছে, যা 968 মিলিয়ন মার্কিন ডলার সরকারি ও বেসরকারি তহবিল উন্মোচিত করবে, প্রচলিত বেতন এবং প্রকল্প শ্রম চুক্তির দ্বারা সমর্থিত 1,700 প্রত্যক্ষ ও পরোক্ষ চাকরি তৈরি করবে, এবং এর ফলে স্টেটে 3 বিলিয়ন মার্কিন ডলার সরাসরি ব্যয় সম্ভব হবে। পাশাপাশি, এই প্রকল্পসমূহ উপলভ্য ফেডারেল কর ক্রেডিটের সাথেও মানানসই, যা নিউ ইয়র্কের করদাতাদের ভবিষ্যতের সাশ্রয় সম্ভব করবে।

নিউ ইয়র্কের ভূমিভিত্তিক নবায়নযোগ্য শক্তি সংগ্রহ

পাশাপাশি, নিউ ইয়র্ক এছাড়া এর শর্তসাপেক্ষের ভূমিভিত্তিক বৃহৎ আকারের নবায়নযোগ্য অর্থ প্রদানের সর্বশেষ রাউন্ডের ঘোষণা দিয়েছে, যেখানে আছে মোট 2,410 মেগাওয়াটের 14টি নতুন সৌর প্রকল্প, ছয়টি বায়ু প্রকল্প, এবং একটি সেবাদানে ফেরত আসা জলবিদ্যুৎ প্রকল্প, যা কমপক্ষে 20 বছরের জন্য বার্ষিক 560,000 এর বেশি নিউ ইয়র্কের বাসায় বিদ্যুতের নতুন নবায়নযোগ্য উৎপাদনের জন্য পর্যাপ্ত। এই প্রকল্পগুলি 4 বিলিয়নের বেশি প্রত্যক্ষ বিনিয়োগের

সূচনা করবে এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে 4,100 এর বেশি ভালো বেতনের স্বল্প ও দীর্ঘকালীন চাকরি তৈরি করবে।

অঞ্চল অনুযায়ী প্রকল্পসমূহ হলো:

সেন্ট্রাল নিউ ইয়র্ক

- **অক্স্রবো হিল সোলার: সাইপ্রেস ক্রিক রিনিউয়েবলস** ম্যাডিসন কাউন্টির ফেনার টাউনে 140 মেগাওয়াটের একটি সৌর ফ্যাসিলিটি নির্মাণ করবে।

ফিঙ্গার লেকস

- **গ্র্যাভেল রোড সোলার: ডেলাওয়্যার রিভার সোলার** সেনেকা কাউন্টির টায়ার টাউন ও সেনেকা ফলস টাউনে একটি 128 মেগাওয়াটের সৌর ফ্যাসিলিটি নির্মাণ করবে।
- **হ্যাচারি সোলার: VC রিনিউয়েবলস এলএলসি** কাউন্টির ক্যালেডোনিয়া টাউনে একটি 19.99 মেগাওয়াটের সৌর ফ্যাসিলিটি নির্মাণ করবে।
- **সানইস্ট হ্যাম্পটন কর্নার্স সোলার: কর্ডেলিও পাওয়ার** লিভিংস্টোন কাউন্টির গ্রোভল্যান্ড টাউনে একটি 19.99 মেগাওয়াটের সৌর ফ্যাসিলিটি নির্মাণ করবে।
- **সানইস্ট নায়াগ্রা সোলার: কর্ডেলিও পাওয়ার** লিভিংস্টোন কাউন্টির ক্যালেডোনিয়া টাউনে একটি 19.99 মেগাওয়াটের সৌর ফ্যাসিলিটি নির্মাণ করবে।
- **হোয়াইট ক্রিক সোলার, এলএলসি: AES** লিভিংস্টোন কাউন্টির ইয়র্ক টাউন এবং লিস্টার টাউনে একটি 135 মেগাওয়াটের সৌর ফ্যাসিলিটি নির্মাণ করবে।
- **হেমলক রিজ সোলার:** AES অর্লিন্স কাউন্টির ব্যারে টাউন এবং শেলবি টাউনে একটি 200 মেগাওয়াটের সৌর ফ্যাসিলিটি নির্মাণ করবে।
- **ভ্যালকর ব্লিস উইন্ডপার্ক: AES** উওমিং কাউন্টির ঈগল টাউনে একটি 100.5 মেগাওয়াটের বায়ু ফ্যাসিলিটি পুনরায় সচল করবে।
- **ভ্যালকর ওয়েদার্সফিল্ড উইন্ডপার্ক: AES** উওমিং কাউন্টির ওয়েদার্সফিল্ড টাউনে একটি 126 মেগাওয়াটের বায়ু ফ্যাসিলিটি পুনরায় সচল করবে।

মোহ্যাক ভ্যালি

- **ডজবিল হাইড্রো: এনার্জি অটোয়া NY জেনারেশন লিমিটেড** হারকাইমার কাউন্টির ডজভিল টাউনে একটি 5 মেগাওয়াটের জলবিদ্যুৎ ফ্যাসিলিটির পরিচালনা অব্যাহত রাখবে।
- **সানইস্ট মিলার্স গ্রোভ সোলার: কর্ডেলিও পাওয়ার** হারকাইমার কাউন্টির স্কুইলার টাউনে একটি 19.99 মেগাওয়াটের সৌর ফ্যাসিলিটি নির্মাণ করবে।

নর্থ কান্ট্রি

- **নর্থ কান্ট্রি উইন্ড: টেরা-জেন ডেভেলপমেন্ট কোম্পানি, এলএলসি** ফ্র্যাঙ্কলিন কাউন্টির বার্ক টাউন ও শ্যাটাগে টাউনে একটি 298.2 মেগাওয়াটের বায়ু ফ্যাসিলিটি নির্মাণ করবে।
- **রিভারসাইড সোলার: AES** ফ্র্যাঙ্কলিন কাউন্টির লাইম টাউন এবং ব্রাউনভিল টাউনে একটি 100 মেগাওয়াটের সৌর ফ্যাসিলিটি নির্মাণ করবে।
- **সানইস্ট মরিস সোলার: কর্ডেলিও পাওয়ার** সেইন্ট লরেন্স কাউন্টির গভর্নর টাউনে একটি 19.99 মেগাওয়াটের সৌর ফ্যাসিলিটি নির্মাণ করবে।

- **ভ্যালকর অ্যাল্টনা উইন্ডপার্ক: AES** ক্লিন্টন কাউন্টির অ্যাল্টনা টাউনে একটি 97.5 মেগাওয়াটের বায়ু ফ্যাসিলিটি পুনরায় সচল করবে।
- **ভ্যালকর শ্যাটাগে উইন্ডপার্ক: AES** ফ্র্যাঙ্কলিন কাউন্টির শ্যাটাগে টাউনে একটি 106.5 মেগাওয়াটের বায়ু ফ্যাসিলিটি পুনরায় সচল করবে।
- **ভ্যালকর ক্লিন্টন উইন্ডপার্ক: AES** ক্লিন্টন কাউন্টির ক্লিন্টন টাউনে একটি 100.5 মেগাওয়াটের বায়ু ফ্যাসিলিটি পুনরায় সচল করবে।
- **ভ্যালকর এলেনবার্গ উইন্ডপার্ক: AES** ক্লিন্টন কাউন্টির এলেনবার্গ টাউনে একটি 81 মেগাওয়াটের বায়ু ফ্যাসিলিটি পুনরায় সচল করবে।

সাউদার্ন টিয়ার

- **ক্লিয়ার ভিউ সোলার: VC রিনিউয়েবলস, এলএলসি** স্টুবেন কাউন্টির কোহকটন টাউনে একটি 19.99 মেগাওয়াটের সৌর ফ্যাসিলিটি নির্মাণ করবে।
- **স্টোনওয়েল সোলার: নেক্স্রেম্প** ডেলাওয়্যার কাউন্টির মেরেডিথ টাউনে একটি 145 মেগাওয়াটের সৌর ফ্যাসিলিটি নির্মাণ করবে, একই অবস্থানে একটি 20 মেগাওয়াটের শক্তি স্টোরেজ থাকবে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- **সোমারসেট সোলার: সোমারসেট সোলার, এলএলসি** নায়াগ্রা কাউন্টির সোমারসেট টাউনে একটি 125 মেগাওয়াটের সৌর ফ্যাসিলিটি নির্মাণ করবে।

নিউ ইয়র্কের বাইরে

- **মিনারেল বেসিন সোলার: সুইফট কারেন্ট এনার্জি** পেনসিলভ্যানিয়ার ক্লিয়ারফিল্ড কাউন্টিতে এনার্জি জিরার্ড এবং গোশেন টাউনশিপে একটি 401.6 মেগাওয়াট সৌর ফ্যাসিলিটি গঠন করবে এবং নিউ ইয়র্ক বৈদ্যুতিক গ্রীডে শক্তি সরবরাহ করবে।

প্রকল্পসমূহের জীবনকালে গ্রাহকদের জন্য গড় বিল প্রভাব হবে আনুমানিক 0.31 শতাংশ, বা প্রতি মাসে 0.32 মার্কিন ডলার। অর্থপ্রাপ্ত টিয়ার 1 প্রকল্পসমূহের চুক্তির জীবনকালে গড় পূর্ণাঙ্গ নির্মাণ ব্যয় হবে প্রতি মেগাওয়াট-ঘণ্টার জন্য 60.93 মার্কিন ডলার। গুরুত্বপূর্ণভাবে এই প্রকল্পগুলি সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের লাভকে অগ্রাধিকার দিচ্ছে যা স্টেটের জলবায়ু আইনের সাথে মানানসই, এর জন্য নির্মাতারা NYSERDA এর প্রতি তাদের প্রস্তাবনার অংশ হিসেবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য 108 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি প্রদান করেছে। এছাড়াও প্রকল্পসমূহের কারণে MWBE এবং SDVOB এর জন্য 38 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ব্যয়ের প্রতিশ্রুতি আশা করা যাচ্ছে।

প্রকল্প যেখানে নির্মিত হচ্ছে সেই সম্প্রদায়সমূহের সাথে যোগাযোগে জোর প্রদান ও বৃদ্ধি করা স্টেট অব্যাহত রাখবে। নিজেদের সম্প্রদায়ে দায়িত্বশীল পরিচ্ছন্ন শক্তি বিকাশ ব্যবস্থাপনা কীভাবে করতে হবে তা বুঝতে স্থানীয় সরকারকে সাহায্য করার জন্য NYSERDA সংস্থান ও বিনা খরচে কারিগরি সহায়তা প্রদান করে, যার মধ্যে রয়েছে পরিচ্ছন্ন শক্তির বাস্তবায়নের নির্দেশনার জন্য ধাপে-ধাপে নির্দেশাবলী ও ব্যবস্থা যেমন অনুমতির প্রক্রিয়া, সম্পত্তির কর, সাইটিং, জোনিং ইত্যাদি।

নিউ ইয়র্ক জনসেবা কমিশনের প্রধান ররি এম.ক্রিস্টিয়ান বলেন, "নিউ ইয়র্ক স্টেটে নবায়নযোগ্য শক্তির বিকাশ ও সম্প্রসারণে গভর্নর হোকলের অব্যাহত ও অবিচল প্রতিশ্রুতির আমি প্রশংসা করছি। নিউ ইয়র্কের বিদ্যুৎ গ্রাহকেরা এই প্রকল্পসমূহ দ্বারা ব্যাপকভাবে উপকৃত

হবে, এবং এইসব প্রকল্পকে অগ্রসর করতে চাপ প্রদানের জন্য গভর্নর হোকল প্রশংসার দাবিদার।"

লং আইল্যান্ড বিদ্যুৎ কর্তৃপক্ষের (Long Island Power Authority, LIPA) প্রধান নির্বাহী কর্মকর্তা টমাস ফ্যালকোন বলেন, "LIPA গর্বসহকারে গভর্নর হোকলের পাশে আছে এবং আমরা নবায়নযোগ্য শক্তিতে এই যুগান্তকারী বিনিয়োগ দ্বারা ইতিহাস তৈরি করছি। এই প্রকল্পগুলি হলো একটি টেকসই ভবিষ্যতের প্রতি মিলিত প্রতিশ্রুতির অংশ, যা আমাদের সম্প্রদায়ে পরিচ্ছন্ন, নির্ভরযোগ্য, এবং সাশ্রয়ী বিদ্যুৎ প্রদান করার ব্যাপারে LIPA এর ভিশনের সাথে মানানসই। নিউ ইয়র্ককে আমরা কীভাবে বিদ্যুতায়িত করি তা গভর্নর হোকল পাল্টে দিচ্ছেন এবং একই সাথে নতুন একই শিল্পখাতে হাজার হাজার চাকরি তৈরি করছেন।"

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation, DEC) কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "অফশোর বায়ু এবং নবায়নযোগ্য শক্তিতে নিউ ইয়র্কের উল্লেখজনক বিনিয়োগ হলো পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিকে অগ্রসর করা এবং একই সাথে স্টেটের সম্প্রদায়সমূহকে লাভবান করার জন্য গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতির প্রমাণস্বরূপ। আজকে ঘোষিত বায়ু, সৌর, এবং জল প্রকল্প দ্বারা জলবায়ু পরিবর্তনের মোকাবেলা অব্যাহত রাখার জন্য আমি গভর্নরের প্রশংসা করছি যা সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো সবুজ, আরো সমৃদ্ধশালী, এবং সমতার ভবিষ্যৎ নিশ্চিত করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের (New York State Department of Labor, NYSDOL) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে যুগান্তকারী এই বিনিয়োগ শুধু নিউ ইয়র্ককে নবায়নযোগ্য শক্তি খাতের সম্মুখসারিতে নিয়ে যাবে না, বরং আমাদের স্টেটজুড়ে কয়েক হাজার পরিবার টিকিয়ে রাখার মতো চাকরির প্রতিশ্রুতিও প্রদান করছে। আমরা একটি টেকসই ভবিষ্যতের জন্য কাজ করছি, তাই সকল নিউ ইয়র্কবাসী, বিশেষ করে আমাদের সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহ যাতে এই উদ্যোগ দ্বারা লাভবান হতে পারে তা নিশ্চিত করার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

প্রতিনিধি নিডিয়া এম. ভেলাকুয়েজ বলেন, "জলবায়ু ন্যায়বিচার অর্জন করার একটি উপায় নির্ভর করবে আরো নবায়নযোগ্য শক্তি প্রকল্পের বিকাশের জন্য আমাদের স্টেটের করা বিনিয়োগের উপর। নিউ ইয়র্ক সিটির সর্ববৃহৎ জীবাশ্ম জ্বালানি পোড়ানোর উৎপাদন ফ্যাসিলিটি, রেভেন্সউড জেনারেটিং স্টেশনকে অফশোর বায়ুর একটি নতুন পরিচ্ছন্ন শক্তি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কেন্দ্র, 'রিনিউয়েবল রেভেন্সউড' হিসেবে রূপান্তর করার সম্ভাবনা নিয়ে আমি বিশেষভাবে উৎসুক। রূপান্তরটি আমাদের জলবায়ু লক্ষ্যকে সমর্থন করতে সাহায্য করবে, নতুন সবুজ ইউনিয়ন চাকরি তৈরি করবে, এবং কুইন্সব্রিজ এবং রেভেন্সউড হাউজেসের মতো সম্মুখসারির পরিবেশ ন্যায়বিচার সম্প্রদায়সমূহকে লাভবান করবে। নতুন এইসব অফশোর বায়ু ও ভূমিভিত্তিক নবায়নযোগ্য শক্তি প্রকল্পসমূহ শুধু আমাদের সম্প্রদায়সমূহকে টেকসইভাবে বিদ্যুৎ প্রদান করবে না, বরং বিদ্যুতের ব্যয় হ্রাস করবে এবং কর্মজীবী পরিবারের জন্য আরো চাকরি তৈরি করবে। নিউ ইয়র্কের শক্তি ভবিষ্যতে এই উল্লেখজনক বিনিয়োগের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "আমি সর্বদা বিশ্বাস করেছি যে অফশোর বায়ু এবং পরিচ্ছন্ন শক্তি বিকাশে নিউ ইয়র্কের একটি শীর্ষ ভূমিকা পালনের সম্ভাবনা রয়েছে এবং এই শিল্পখাতকে বিকশিত করার নীতিমালা ও বিনিয়োগ অগ্রসর করার জন্য ফেডারেল পর্যায়ে আমি চাপ প্রদান করেছি। আজকের ঘোষণা হলো সেই ভিশনের বাস্তবায়ন। আমাদের এলাকার দক্ষ শ্রমিক ও উদ্ভাবনের ইতিহাসের গল্পের পরবর্তী এই অধ্যায় ক্যাপিটাল রিজিয়নে কয়েক শত ভালো বেতনের সবুজ চাকরি নিয়ে আসবে এবং একই সাথে আমাদের পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যতকে অগ্রসর করবে এবং আগামী প্রজন্মের জন্য আমাদের পরিবেশের সুরক্ষা প্রদান করবে। সাহসী এই পরিকল্পনাসমূহকে বাস্তব করার জন্য আমাদের স্টেট ও বাণিজ্যিক অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করতে আমি উন্মুখ এবং আমাদের পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যৎ নিশ্চিত করতে এবং আগামীদিনের চাকরি তৈরি করতে আমি কখনোই কাজ বন্ধ করবো না।"

অ্যাসেম্বলি সদস্য ডিডি ব্যারেট বলেন, "আমাদের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্য অর্জনে গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের স্পষ্ট প্রতিশ্রুতি আজকের ঘোষণা প্রদর্শন করে। এই প্রকল্পগুলি 2.6 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর বাসার শক্তি প্রদানের জন্য যথেষ্ট বিদ্যুৎ উৎপাদন করবে, মানসম্পন্ন বাণিজ্য ও ইউনিয়নের চাকরি তৈরি করবে, একই সাথে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তির আমাদের লক্ষ্য অর্জনে আমাদের সঠিক গতিতে রাখবে।"

নিউ ইয়র্ক স্টেট ভবন বাণিজ্যের (New York State Building Trades) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "আজকে সৌর, বায়ু ও নবায়নযোগ্য শক্তি প্রকল্পসমূহের জন্য মুখ্য একটি মাইলফলকে পৌঁছানো গেছে যা নিউ ইয়র্ককে শুধু এর টেকসই হওয়ার লক্ষ্য অর্জনে সাহায্য করবে না, বরং আমাদের পরিশ্রমী ট্রেডসম্যান ও ট্রেডসউইমেনের জন্য কয়েক হাজার ভালো বেতনের, ইউনিয়ন চাকরি তৈরি করবে। ঐতিহাসিক এই বিনিয়োগটি আমাদের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যৎকে উজ্জ্বল করবে এবং নিউ ইয়র্কবাসীদের জীবন উন্নত করবে, যার মধ্যে এমন ব্যক্তিরা থাকবে যাদের কাছে এখন এইসব প্রকল্পে কাজ করার, নিজেদের পরিবারকে সমর্থন করার এবং মধ্যবিত্তে পৌঁছানোর আরো সহজ পথ অবলম্বন করার একটি সুযোগ থাকবে। পরিচ্ছন্ন শক্তি উদ্যোগ সরল করার জন্য এবং একই সাথে কর্মজীবী নিউ ইয়র্কবাসীদের উন্নতি করার জন্য গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতির জন্য আমরা তার প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক স্টেট AFL-CIO প্রেসিডেন্ট মারিও সিলেন্টো বলেন, "আমাদের জলবায়ু পরিবর্তনের মোকাবেলা এবং পরিশেষে এর সাথে জয়লাভ করতে সাহায্যকারী, এবং সেই সাথে নিউ ইয়র্ক সত্যি, ঠিক এখানেই, দৃঢ়, মধ্যবিত্ত শ্রেণীর, ইউনিয়ন চাকরি তৈরি করা এই ঐতিহাসিক বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি। নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যৎ যাতে অতি প্রশিক্ষিত এবং উচ্চ দক্ষতার ইউনিয়ন কর্মীবাহিনী দ্বারা গঠিত, পরিচালিত, ও রক্ষণাবেক্ষণকৃত হয় তা নিশ্চিত করার জন্য এটি পরবর্তী ধাপ। জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করা এবং একই সাথে পরিবার টিকিয়ে রাখার মতো ইউনিয়ন চাকরি তৈরি ও সংরক্ষণ করতে গভর্নরের সাথে কাজ অব্যাহত রাখতে আমরা উন্মুখ।"

নিউ ইয়র্ক সিটি সেন্ট্রাল লেবার কাউন্সিল (New York City Central Labor Council), AFL-CIO প্রেসিডেন্ট ভিনসেন্ট আলভারেজ বলেন, "নবায়নযোগ্য শক্তি খাতে আজকের ঘোষিত ঐতিহাসিক বিনিয়োগের জন্য আমরা গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের প্রশংসা করছি। শ্রম মানদন্ডের প্রতি স্টেট ইতিমধ্যে যেই প্রতিশ্রুতি প্রদান করেছে এবং সেই সাথে নতুন

বিনিয়োগ মিলিত হয়ে পরিচ্ছন্ন একটি শক্তি অর্থনীতিতে নিউ ইয়র্কের সফল ও ন্যায্য স্থানান্তর ত্বরান্বিত করতে সাহায্য করবে এবং একই সাথে ভালো, পরিবার টিকিয়ে রাখার জন্য ইউনিয়ন চাকরির বিকাশকে উৎসাহিত করবে। আমরা যখন পূর্ণাঙ্গ একটি নবায়নযোগ্য শক্তি খাত গঠন করছি যখন কর্মীদের কথা শোনা যাতে অব্যাহত থাকে তা নিশ্চিত করতে স্টেট ও NYSERDA এর সাথে কাজ করতে আমরা উন্মুখ।"

লং আইল্যান্ড শ্রম ফেডারেশন (Long Island Federation of Labor), AFL-CIO প্রেসিডেন্ট জন ডুর্সো বলেন, "অফশোর বায়ু শিল্পখাত অগ্রসর করতে, ভালো ইউনিয়ন চাকরি তৈরি করতে গভর্নর এবং তার দলের সাথে কাজ করতে আমরা উন্মুখ, যা শুধু লং আইল্যান্ডের অর্থনীতিকে বলীয়ান করবে না বরং আমাদের পরিবেশের জন্য একটি ঐতিহাসিক বিনিয়োগ করবে। লং আইল্যান্ড শ্রম ফেডারেশন একটি অতি গুরুত্বপূর্ণ অংশীদার যারা আমাদের অভিজ্ঞতা ও নিবেদন দিয়ে শিল্পখাতের বৃদ্ধি বলীয়ান করার ক্ষেত্রে অফশোর বায়ু বিকাশের সাফল্য নিশ্চিত করতে একটি অপরিহার্য ভূমিকা পালন করে এবং একই সাথে আমাদের কর্মীবাহিনীর স্বার্থ নিরাপদ রাখে।"

IBEW স্থানীয় ইউনিয়ন (IBEW Local Union) #3 এর ব্যবসা ব্যবস্থাপক ক্রিস্টোফার এরিকসন বলেন, "একটি সমৃদ্ধ অফশোর বায়ু শিল্পখাতকে অগ্রসর করতে গভর্নর হোকলের অভিপ্রায়ের একটি স্পষ্ট ইঙ্গিত হলো আজকের ঘোষণা। প্রতিশ্রুতির মধ্যে রয়েছে কর্মজীবী নারী পুরুষের জন্য শ্রম সুরক্ষা, ভালো বেতনের নিশ্চয়তা, PLA এর অন্তর্ভুক্তি এবং নির্মাণ বাণিজ্য ও সরবরাহ চেইনের চাকরিদাতা উভয়ের জন্য কর্মীবাহিনীর বিকাশ। এটি নিউ ইয়র্কবাসী, আমাদের চাকরিদাতা, আমাদের পরিবেশ, এবং আগামী প্রজন্মের স্বাস্থ্যের জন্য ভালো।"

নিউ ইয়র্ক পরিচ্ছন্ন শক্তি জোটের (Alliance for Clean Energy New York) পরিচালক অ্যান রেনল্ডস বলেন, "22টি বায়ু, সৌর, এবং জলবিদ্যুৎ প্রকল্প, এবং সেই সাথে তিনটি মুখ্য অফশোর বায়ু শক্তি প্রকল্পের জন্য নতুন চুক্তি নিউ ইয়র্কের পরিবেশ ও বিদ্যুৎ ব্যবস্থার জন্য সুসংবাদ। এই প্রকল্পগুলি গঠন করার অর্থ হবে শ্রমিক, ইলেক্ট্রিশিয়ান, এবং অন্যান্য ভবন লেনদের জন্য নির্মাণ চাকরি এবং সেই সাথে নিউ ইয়র্কবাসীর জন্য পরিচ্ছন্নতর বায়ু। নবায়নযোগ্য শক্তি শিল্প আজকের ঘোষণাকে স্বাগত জানাচ্ছে এবং নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী শক্তি রূপান্তরে স্টেটের সাথে কাজ অব্যাহত রাখার জন্য উন্মুখ।"

নিউ ইয়র্ক অফশোর বায়ু জোটের (New York Offshore Wind Alliance) পরিচালক ফ্রেড জ্যালকম্যান বলেন, "4,000 মেগাওয়াটের বেশি অফশোর বায়ু সৃষ্টির জন্য তিনটি চুক্তি প্রদান করার ব্যাপারে গভর্নরের আজকের ঘোষণা প্রদর্শন করে যে এই পরিচ্ছন্ন, নবায়নযোগ্য এবং চাকরি তৈরির সংস্থান বলীয়ান করতে নিউ ইয়র্ক প্রস্তুত, এবং সম্প্রতি ব্যাপক বিরোধিতার সম্মুখীন হওয়া বাজারে এটি আত্মবিশ্বাস স্থাপনের ব্যাপারে অনেক লাভজনক হবে।"

নিউ ইয়র্ক কনজার্ভেশন ভোটার্স লীগের (New York League of Conservation Voters) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "জলবায়ু সঙ্কট আমাদের উপর চাপ সৃষ্টি করছে এবং আমাদের জনসংখ্যা এবং পৃথিবীর স্বাস্থ্য জীবাশ্ম জ্বালানি পোড়ানোর ক্ষতিকর প্রভাবে সংগ্রাম করে চলেছে, তাই আমরা এখন আর নবায়নযোগ্য শক্তির ব্যাপারে শুধু কথা চালিয়ে যেতে পারি না, আমাদেরকে মাঠপর্যায়ে বাস্তব প্রকল্প প্রদান করতে হবে। অতিরিক্ত 6.2 গিগাওয়াট বায়ু, সৌর,

এবং জলবিদ্যুতের জন্য অর্থ প্রদান হলো স্টেটের নবায়নযোগ্য শক্তি লক্ষ্য অর্জনের জন্য বড় একটি ধাপ এবং জনস্বাস্থ্য ও পরিবেশের জন্য একটি মুখ্য বিজয়। নবায়নযোগ্য শক্তি সংগ্রহের সর্বশেষ রাউন্ডের ব্যাপকতার জন্য আমরা গভর্নর হোকল এবং NYSERDA প্রেসিডেন্ট ডোরিন হ্যারিসের প্রশংসা করছি।"

সিটিজেন্স ক্যাম্পেইন ফর দ্য এনভায়রনমেন্টের (Citizens Campaign for the Environment) নির্বাহী পরিচালক অ্যাড্রিয়ান এস্পোজিটো বলেন, "এই বছর নিউ ইয়র্ক সিটি সাবওয়েতে বন্যা, ওয়েস্টচেস্টারে ভূমিধ্বস এবং ফায়ার আইল্যান্ড ও লং আইল্যান্ডের দক্ষিণ উপকূলে উল্লেখজনক ভূমিক্ষয় দ্বারা জলবায়ু পরিবর্তনের প্রভাব নিউ ইয়র্ককে আক্রান্ত করা অব্যাহত রেখেছে। এখন সময় এসেছে কিছু করার! জলবায়ু পরিবর্তনের মোকাবিলা করার জন্য আমাদের যে মুখ্য পদক্ষেপ নিতে হবে তা হলো নবায়নযোগ্য শক্তিতে স্থানান্তর। আজকের ঘোষণা আমাদের স্টেটে সবুজ শক্তি অগ্রসর করার একটি প্রধান সন্ধিক্ষণ স্থাপন করলো। আমরা আনন্দিত ও আশা করছি যে আমাদের দেশ যাতে নিউ ইয়র্কের মতো প্রবলভাবে ও সিদ্ধান্তমূলকভাবে পদক্ষেপ নিতে পারে তার পথ নিউ ইয়র্ক প্রদর্শন করবে। ঐতিহাসিক এই পদক্ষেপের জন্য আমরা গভর্নর হোকল এবং NYSERDA এর প্রশংসা করছি যা শুধু জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করবে না, বরং পরিচ্ছন্নতর বায়ু, আরো স্বাস্থ্যকর সম্প্রদায় গঠন করবে এবং আমাদের অর্থনীতিকে উন্নত করবে।"

নাসাউ ও সাফোক কাউন্টির ভবন ও নির্মাণ বাণিজ্য পরিষদের (Building and Construction Trades Council) প্রেসিডেন্ট এবং জাতীয় অফশোর বায়ু প্রশিক্ষণ কেন্দ্রের প্রেসিডেন্ট ম্যাথু আরাকিক বলেন, "নিউ ইয়র্কে অফশোর বায়ু শিল্পখাতকে অগ্রসর করার জন্য নিজের প্রতিজ্ঞাকে যে গভর্নর হোকল সম্মান জানাচ্ছেন তার আরেকটি উজ্জ্বল উদাহরণ এটি। এইসব প্রকল্পের ব্যাপকতা নিঃসন্দেহে অর্থনৈতিক প্রবৃদ্ধির সূচনা করবে যা পুরো স্টেটে প্রতিধ্বনিত হবে এবং একই সাথে মধ্যবিত্তের জন্য একটি সত্যিকারের গেটওয়ে প্রদান করবে। আজকের ঘোষণায় উল্লিখিত কাজ দক্ষ শ্রমিকের নিবন্ধিত শিক্ষানবিশ হিসেবে প্রশিক্ষণ কর্মসূচিসমূহকে নজিরবিহীন হারে বিকাশ পেতে দিবে এবং লং আইল্যান্ড অঞ্চলের একটি প্রাণবন্ত ভবিষ্যৎ বজায় রাখার জন্য এটি মুখ্য। আমরা যখন প্রয়োজনীয় মাত্রায় সবুজ শক্তি প্রকল্প গঠন করি, তখন আমরা যত দ্রুত সম্ভব জীবাশ্ম জ্বালানির উপর আমাদের নির্ভরতা নির্মূল করছি।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা
নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 145টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 55 বিলিয়ন মার্কিন

ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টিরও বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভ (community air monitoring initiative)-এর মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার |press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন